


স্বাধীনতা ★ গণতন্ত্র ★ সমাজতন্ত্র



কলিকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটি

৭৯/৩এ, আচার্য জগদীশচন্দ্র বোস রোড
দীনেশ মজুমদার ভবন
কলকাতা- ৭০০০১৪

প্রেস বিবৃতি

SFI কলিকাতা বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কমিটি
রাজাবাজার সায়েন্স কলেজ ইউনিট

আজ আমাদের সমাজে একের পর এক ন্যায়বিচারহীন ঘটনার সাক্ষী হচ্ছি আমরা। বিচারপ্রার্থীদের কঠোরোধ করে, সত্যকে গোপন করে, অন্যায়কে আড়াল করার অপচেষ্টা চলছে চারদিকে। ধর্ষণের মতো ঘটনায় বিচার না হওয়া শুধু নির্যাতিতার পরিবারের ওপরেই নয়—সমাজের গণতান্ত্রিক চেতনার ওপরও মস্ত আঘাত!

SFI রাজাবাজার সায়েন্স কলেজ ইউনিট স্পষ্টভাবে জানাচ্ছে— আর জি কর সহ সমস্ত অপরাধের যথাযথ ও দ্রুত বিচার চাই। অপরাধীদের রক্ষা করার যেকোনো অপচেষ্টা আমরা মেনে নেব না। বিচারহীনতার এই সংস্কৃতি ভাঙতে হলে ছাত্র-যুব-শ্রমিকসহ সাধারণ মানুষকে একত্রিত হয়ে রাস্তায় নামতে হবে।

এই প্রেক্ষিতে ১৪ই আগস্ট দুপুর ১:৩০টায়, রাজাবাজার সায়েন্স কলেজ প্রাঙ্গণ থেকে বিক্ষোভ সভা ও পদযাত্রার মাধ্যমে আমরা এই প্রতিবাদ কর্মসূচি পালন করব। কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক, গবেষক ও কর্মচারীবৃন্দ সক্রিয়ভাবে অংশ নেবেন—ন্যায়বিচারের দাবিকে আরও শক্তিশালী করতে এবং অন্যায়ের বিরুদ্ধে ঐক্যবদ্ধ কণ্ঠ গড়ে তুলতে।

আমরা রাজাবাজার সায়েন্স কলেজ ইউনিট থেকে আহ্বান জানাচ্ছি—অন্যায়ের বিরুদ্ধে সোচ্চার হোন, ন্যায়বিচারের দাবিকে শক্তিশালী করুন। সুবিচার পাওয়া থেকে যারা রোজ বঞ্চিত হচ্ছে, তাদের পাশে দাঁড়ানোই আমাদের মানবিক দায়িত্ব, আমাদের রাজনৈতিক কর্তব্য।

প্রীতম সাঁতরা
সভাপতি

SFI কলিকাতা বিশ্ববিদ্যালয়
রাজাবাজার সায়েন্স কলেজ ইউনিট

যীশু চক্রবর্তী
সম্পাদক

SFI কলিকাতা বিশ্ববিদ্যালয়
রাজাবাজার সায়েন্স কলেজ ইউনিট